নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মিনা মাসুদ উজ্জামান<br>অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ২১/১১/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৩.০০ টা |
| স্থান | অতিরিক্ত মহাপরিদর্শকের কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন৷ অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| | আলোচ্যবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | অধিদপ্তরের ইনোভেশন টিমের নিকট প্রেরিত উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী উদ্ভাবনী ধারণা আহ্বান করে অধিদপ্তর এবং এর আওতাধীন সকল কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের জবাবে ০৪ জন কর্মকর্তার নিকট হতে নির্দিষ্ট ফরম্যাটে এবং ০১ জন কর্মকর্তার নিকট হতে নির্দিষ্ট ফরম্যাটের বাইরে উদ্ভাবনী ধারণা পাওয়া যায়। সভাপতি উদ্ভাবনী ধারণা প্রদানকারী সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত ০৫টি উদ্ভাবনী ধারণা সভায় উপস্থাপন করা হয় এবং নিম্নোক্ত মতামত প্রদান করা হয়ঃ<br>১। মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) এবং মোঃ সোয়াইব হোসেন, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা থেকে 'আউট সোর্সিং লাইসেন্স অনলাইনে প্রদান' শীর্ষক ধারণা প্রদান করেন। উক্ত ধারণাটি ২০২২-২০২৩ অর্থবছরে প্রধান কার্যালয় হতে বাস্তবায়ন করা হয়েছে বলে সভাপতি মতামত দেন। | ১। ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের নিকটবর্তী ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আগ্রহী উদ্যোক্তা অথবা LIMA এর মাধ্যমে অনলাইন আবেদনের সেবা প্রদানে আগ্রহী যোগ্য ব্যক্তিদের তালিকা চেয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে একটি পত্র প্রেরণ করতে হবে।<br>২। 'ডাইফ একসেবা' অ্যাপটির উন্নত সংস্করণ 'DIFE' তৈরীর জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করতে হবেঃ<br>জনাব মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক - আহ্বায়ক<br>জনাব মোঃ ফরহাদ মাহমুদ সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) - সদস্য<br>জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) - সদস্য<br>জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) - সদস্য সচিব<br>জনাব মোঃ আবুল বাশার, শ্রম পরিদর্শক (সেফটি) - সদস্য<br>জনাব শেখ নুরুজ্জামান, শ্রম পরিদর্শক (সাধারণ) - সদস্য | ১। প্রশাসন শাখা, ইনোভেশন টিমের সদস্য সচিব<br>২। প্রশাসন শাখা, আইসিটি সেল<br>৩। আইসিটি সেল, ইনোভেশন টিমের সদস্য সচিব |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | | ২। নাজিয়া জামান, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া থেকে ‘বিনামূল্যে তাৎক্ষণিক ডিজিটাল সেবা প্রদান’ শীর্ষক ধারণাটি প্রদান করেন। উক্ত ধারণায় তিনি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে “স্মার্ট হেল্প ডেস্ক” স্থাপনের জন্য বলেন যেখান থেকে প্রযুক্তিজ্ঞানসম্পন্ন নয় এমন সেবা প্রার্থীদের LIMA সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন প্রদান, অভিযোগ দাখিল, লাইসেন্স গ্রহণ/নবায়ন, এ-চালান জমা ইত্যাদি বিষয়ে সাপোর্ট প্রদান করা হবে।<br>এ বিষয়ে ইনোভেশন টিমের সভাপতি বলেন, হেল্প ডেস্ক স্থাপনে অতিরিক্ত যে জনবল প্রয়োজন হবে তা অধিদপ্তরের নেই। বিকল্প হিসেবে নিকটস্থ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যায় বলে ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ ফরহাদ মাহমুদ সোহাগ প্রস্তাব দেন। সভাপতি উক্ত প্রস্তাব গ্রহণ করেন। তিনি আরও বলেন যদি কার্যালয়ের কাছাকাছি ইউনিয়ন ডিজিটাল সেন্টার না থাকে সে ক্ষেত্রে নিকটস্থ কম্পিউটার, ফটোকপি ইত্যাদি দোকানের সাথে যোগাযোগ করা যেতে পারে, সকলের জন্য অধিদপ্তর থেকে বিনামূল্যে LIMA সফটওয়্যারের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এ ধরণের উদ্যোক্তা অথবা দোকানের তালিকা চেয়ে প্রতিটি কার্যালয়ে চিঠি পাঠানোর জন্য তিনি ইনোভেশন টিমের সদস্য সচিবকে নির্দেশনা দেন। | জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ) - সদস্য<br>জনাব মো: আব্দুল্লাহ আল মামুন, শ্রম পরিদর্শক (সাধারণ) - সদস্য<br>জনাব মোঃ আজিজুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) - সদস্য<br>জনাব মোঃ সফিকুল ইসলাম, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) - সদস্য<br>কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপঃ<br>• DIFE অ্যাপটিতে কি কি features থাকতে পারে তা প্রস্তাব করা;<br>• প্রয়োজনে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ এবং হেল্পলাইনের কর্মকর্তাদের সাথে কথা বলে তাঁদের requirement সংগ্রহ করা;<br>• শ্রম আইন, বিধিমালা এবং সংশ্লিষ্ট বিধি বিধানের আলোকে script প্রস্তুত করা।<br><br>৩। ‘শ্রমিকের কাজের সময়ের নোটিশ অনুমোদন’ শীর্ষক সেবা ডিজিটাইজেশনের ধারণাটি বাস্তবায়নের জন্য একটি অফিস আদেশ জারি করতে হবে। LIMA এবং myGov প্লাটফর্মে সেবাটি চালু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদান করতে হবে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। ডাঃ দীপা দত্ত, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা থেকে 'মাতৃত্বকল্যাণ সুবিধা সহজীকরণ' শীর্ষক একটি ধারণা প্রদান করেন। বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানে মাতৃত্বকল্যাণ সুবিধাসমূহের তথ্যাবলী সহজলভ্যতার জন্য এবং শ্রমিকদের আইনানুগ সুবিধাদি ও ছুটি বিষয়ে অবগত করার জন্য একটি ওয়েব পোর্টাল নির্মাণের প্রস্তাব করা হয়। ইনোভেশন টিমের সদস্য সচিব বলেন উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা-র একটি নিজস্ব তথ্য বাতায়ন ওয়েব পোর্টাল রয়েছে, সেটিতে প্রয়োজনমত পাতা/সেবা বক্স সংযোজন করেই উক্ত ধারণাটি বাস্তবায়ন করা সম্ভব। ইনোভেশন টিমের আহ্বায়ক জানতে চান শ্রমিকদের আইনগত সুবিধাবলীর তথ্য পাওয়া যায় এমন কোনও মোবাইল অ্যাপ অধিদপ্তর থেকে নির্মাণ করা হয়েছে কিনা। জবাবে ইনোভেশন টিমের সদস্য জনাব প্রতিষ্ঠা বড়ুয়া বলেন 'ডাইফ একসেবা' নামে একটি অ্যাপ নির্মাণ করা হয়েছিল, কিন্তু google playstore এর পলিসি আপডেটের কারণে উক্ত অ্যাপটি বর্তমানে কার্যকর নেই। ইনোভেশন টিমের আহ্বায়ক উক্ত অ্যাপটির একটি উন্নত সংস্করণ করে 'DIFE' নামে নতুনভাবে চালু করতে বলেন। উন্নত সংস্করণটিতে কি কি সুবিধাবলী থাকবে তা নির্ধারণের জন্য জনাব মেহেদী হাসান, উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা-কে আহ্বায়ক এবং জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)-কে সদস্য সচিব করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত প্রদান করেন। কমিটির প্রতিটি বৈঠকের জন্য সদস্যদের সম্মানী প্রদানের জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ৪। ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় 'শ্রমিকের কাজের সময়ের নোটিশ অনুমোদন' শীর্ষক সেবা ডিজিটাইজেশনের ধারণা উপস্থাপন করেন। ধারণাটি এটুআই কর্তৃক ২১-২৩ অক্টোবর ২০২৩ তারিখে আয়োজিত সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণে জনাব নুসরাত জাহান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), জনাব মোঃ আবুল বাশার, শ্রম পরিদর্শক (সেফটি) এবং জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ) কর্তৃক প্রস্তুতকৃত। সভাপতি জানতে চান সেবাটি LIMA এর মাধ্যমে বর্তমানে প্রদান করা হয় কিনা। জবাবে সদস্য সচিব জানান সেবাটি LIMA এর মাধ্যমে বর্তমানে প্রদান করা হয় না। সভাপতি সেবা ডিজিটাইজেশনের ধারণাটি LIMA এবং myGov প্লাটফর্মের মাধ্যমে বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন। | | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫। রেজওয়ানা ইসলাম রিমি, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর থেকে 'শ্রম আইনের ৩৩৭(৩) ধারার ক্ষমতাবলে কারখানায় কালার কোড ব্যবহারের মাধ্যমে সতর্কীকরণ এবং শ্রম আইন বাস্তবায়ন সহজীকরণ' শীর্ষক ধারণা প্রদান করেন। সভাপতি বলেন এটি বাস্তবায়ন করতে হলে ত্রিপাক্ষিক (মালিক, শ্রমিক, সরকার) উদ্যোগ প্রয়োজন। | | |
| | | ৬। জনাব মহর আলী মোল্লা, উপমহাপরিদর্শক, টাঙ্গাইল উদ্ভাবনী ধারণা প্রদানের নির্দিষ্ট ছকের বাইরে পত্রাকারে ০৩টি উদ্ভাবনী ধারণা প্রদান করেন। তিনি LIMA সফটওয়্যারকে ডাইফের সকল সেবা কার্যক্রমের একক প্লাটফর্ম করা, কাজের সময়সূচি অনুমোদনের আবেদন LIMA-র মাধ্যমে করা এবং LIMA Mobile App চালু করার কথা পত্রে উল্লেখ করেছেন। সভাপতি বলেন প্রতিটি বিষয় বাস্তবায়নের জন্যই কার্যক্রম চলমান আছে। | | |
| ২ | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত | সভায় উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের তথ্য বাতায়ন হালনাগাদের বিষয়টি আলোচিত হয়। প্রতিটি কার্যালয়ের হালনাগাদ কার্যক্রম মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান কার্যালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা (ইনোভেশন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এপিএ, সিটিজেন চার্টার, এসডিজি, তথ্য অধিকার, শুদ্ধাচার, মানবসম্পদ ইত্যাদি) নিজ নিজ বিষয়ে মাঠ পর্যায়ে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট কার্যালয়ের তথ্য বাতায়নে হালনাগাদ হচ্ছে কি না তা যাচাই করে অতিরিক্ত মহাপরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করবেন। অন্যান্য বিষয়ে (কার্যালয়ের ঠিকানা, ব্যানার, খবর, নোটিশ বোর্ড ইত্যাদি) হালনাগাদের কাজটি পরীবিক্ষণ করে প্রতিবেদন প্রদান করবে আইসিটি সেল।<br>এছাড়াও, মনিটরিং চেকলিস্ট এ তথ্য বাতায়ন হালনাগাদ আছে কিনা মর্মে একটি বিষয় সন্নিবেশ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়। | ১। তথ্য বাতায়ন হালনাগাদকরণ কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করতে হবে।<br>২। মনিটরিং চেকলিস্ট এ তথ্য বাতায়ন হালনাগাদ আছে কিনা মর্মে একটি বিষয় সন্নিবেশ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। আইসিটি সেল<br>২। মনিটরিং ও মূল্যায়ন শাখা |
| ৩ | ইনোভেশন শো-কেসিং আয়োজন | সদস্য সচিব জানান এ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৪ সালের মে মাসের মধ্যে আওতাধীন কার্যালয়সমূহের অংশগ্রহণে একটি ইনোভেশন শো-কেসিং আয়োজন করতে হবে এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করে পুরস্কৃত করতে হবে। মাঠ পর্যায়ের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করে সকল উপমহাপরিদর্শকের কার্যালয়কে এ বিষয়ে অবহিত করা প্রয়োজন। সভাপতি এতে সম্মতি জ্ঞাপন করেন এবং প্রশিক্ষণ আয়োজনের নির্দেশ দেন। | ১। অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের অংশগ্রহণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন শীর্ষক একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১। প্রশাসন শাখা, ইনোভেশন টিমের এর সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | স্মার্ট বাংলাদেশ বিনীর্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন | সদস্য সচিব সভাকে জানান ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনীর্মাণ বিষয়ক একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। সভাপতি উক্ত কর্মপরিকল্পনা প্রস্তুতের নিমিত্তে দুইটি কর্মশালা আয়োজনের নির্দেশ দেন। | ১। স্মার্ট বাংলাদেশ বিনীর্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে দুইটি কর্মশালা আয়োজন করতে হবে। | ১। প্রশাসন শাখা, ইনোভেশন টিমের এর সদস্য সচিব |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিবেচ্য সংযুক্তি: পরিশিষ্ট-ক, সদয় দ্রষ্টব্য।

২৬-১১-২০২৩
মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)
+৮৮-০২-২২৬৬৬৪২০৪ (ফোন)
- (ফ্যাক্স)
addig@dife.gov.bd

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২। উপ মহাপরিদর্শক, প্রশাসন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৩। উপমহাপরিদর্শক, মনিটরিং ও মূল্যায়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৪। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৭। শ্রম পরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৮। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
৯। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

২৬-১১-২০২৩
মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)